



কল্পিত

মত্য ও সুন্দরের নির্ভীক
প্রকাশ

মুক্ত গানের পাখি দেওয়ান আবদুল বাসেত

(আমার ছড়ার একজন একনিষ্ঠ ভক্ত ও সাহিত্য-স্বজন,
'মরুপলাশ' এর উপদেষ্টা ডক্টর এ-কে আব্দুল মোমেন
শ্রদ্ধাভাজনেয়)

গবেষণায় দক্ষ তিনি
লেখায় পরিপক্ষ তিনি
পেশায় তিনি খুব 'সিরিয়াস'
কথায় কাজে খুব 'জিনিয়াস'
কলমটা তাঁর বেজায় ধারাল
নয় কিছু তাঁর চোখের আড়াল।

কোন কিছু করতে গিয়ে
আমরা যখন 'ফেল',
কিন্তু তিনি একশ' একাই
দেখিয়ে দিতেন 'খেল'।

কোন প্রবাসী পায় না খেতে
দেশে কারা চায় না যেতে
পুকুর চুরি করছে কারা?
সা'বের ধামা ধরছে কারা
কোন লাশটা ফ্রিজে আছে
পাঠাচ্ছে না মায়ের কাছে।

লক্ষ টাকার ভিসায় এসে
কোন প্রবাসী অস্তিসার,
ইকামাহীন বাঙালিরা
এমনি কেন খাচ্ছে মার ?

বেজায় তাহার বুকের পাটা!
খুঁজতে থাকেন কারণ,
কিন্তু এসব খুঁজতে যাওয়া
সভ্যতাতে বারণ!?

কাজটা যাদের কিন্তু তারা করবে নাতো কিছু
ডক্টর মোমেন এগিয়ে গেলে, নিন্দা পাবে পিছু!
ধর্মিকি দিয়ে চাইলো কেহ
বগল দাবা করতে,
চাইলো কেহ প্রেমের জালে
পোষ মানিয়ে ধরতে।

কিন্তু সেতো দেয় না ধরা
মুক্ত গানের পাখি,
আকাশ নীলে উড়তে থাকে
আপন সুরে ডাকি।

চির তরুণ চির সবুজ
মনটি শিশুর মতোই অবুজ
সরস মনের সচল মানুষ
পাপড়ি ছোঁয়া মন,
হৃদয় তাঁহার মুক্ত আকাশ
বৃষ্টি ধোয়া বন।

প্রথম প্রকাশঃ ২২ জুলাই, ২০০৩ / শাবণ ১৪১০ বাঙলা
রিয়াদ, সউদী আরব।